

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ সোসাইটি অব মাইক্রোবায়োলজিস্টস (BSM) ও হিউম্যান জেনেটিক্স রিসার্চ অ্যান্ড ট্রেনিং সেন্টার লিমিটেড (HGRTC)-এর মধ্যে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর

তারিখ: ১০ নভেম্বর ২০২৫

স্থান: অণুজীববিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

আজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অণুজীববিজ্ঞান বিভাগে অনুষ্ঠিত হয়েছে বাংলাদেশ সোসাইটি অব মাইক্রোবায়োলজিস্টস (BSM) ও হিউম্যান জেনেটিক্স রিসার্চ অ্যান্ড ট্রেনিং সেন্টার লিমিটেড (HGRTC)-এর মধ্যে একটি গুরুত্বপূর্ণ সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর অনুষ্ঠান।

এই সমঝোতা স্মারকের মাধ্যমে উভয় প্রতিষ্ঠান বাংলাদেশের পাবলিক হেলথ, মলিকুলার ডায়াগনস্টিকস, এবং বৈজ্ঞানিক দক্ষতা উন্নয়ন-সংক্রান্ত কার্যক্রমে যৌথভাবে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেছে।

চুক্তির আওতায় উভয় প্রতিষ্ঠান যৌথভাবে প্রশিক্ষণ কর্মশালা ও সেমিনার আয়োজনের উদ্যোগ নিয়েছে, যা দেশের তরুণ গবেষক, চিকিৎসক ও বিজ্ঞানীদের হাতে-কলমে প্রশিক্ষণের সুযোগ করে দেবে। প্রতি বছর তিন থেকে চারটি যৌথ কর্মশালা ও প্রশিক্ষণ কার্যক্রম আয়োজনের পরিকল্পনাও গৃহীত হয়েছে। পাশাপাশি, স্বাস্থ্যবিজ্ঞান ও মানবসম্পদ উন্নয়নে পারস্পরিক সহযোগিতার মাধ্যমে কার্যকর ভূমিকা রাখার প্রত্যয় ব্যক্ত করা হয়েছে।

স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ড. মুহাম্মদ মনজুরুল করিম, সাধারণ সম্পাদক, বিএসএম এবং মোঃ আরিফুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক, এইচজিআরটিসি—যারা উভয় প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন।

স্বাক্ষী হিসেবে উপস্থিত ছিলেন ড. মনিরুল আলম, সভাপতি, বিএসএম এবং ড. মোঃ রফিকুল ইসলাম, চিফ ট্রেনিং কনসালটেন্ট, এইচজিআরটিসি।

চুক্তির সমন্বয়ক হিসেবে উপস্থিত ছিলেন ড. মুনাওয়ার সুলতানা, যুগ্ম সম্পাদক, বিএসএম।

অনুষ্ঠানে অতিথিবৃন্দ আশা প্রকাশ করেন যে, এই সমঝোতা স্মারকের মাধ্যমে বাংলাদেশের একাডেমিক গবেষণা ও ল্যাবরেটরি প্রশিক্ষণের মধ্যে একটি দৃঢ় সেতুবন্ধন তৈরি হবে, যা দেশের চিকিৎসা, গবেষণা ও জনস্বাস্থ্য খাতে নতুন দিগন্ত উন্মোচন করবে। উভয় প্রতিষ্ঠান বিশ্বাস করে, এই সমঝোতা বাংলাদেশের বিজ্ঞান, উদ্ভাবন, স্বাস্থ্যসেবা ও মানবসম্পদ উন্নয়নে ভবিষ্যতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।